

## লালমাটিয়া মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা-১২০৭

### বিজ্ঞপ্তি

তারিখ : ১৫/০৬/২০২১ খ্রি.

লালমাটিয়া মহিলা কলেজের উচ্চ মাধ্যমিক ১ম বর্ষ (শিক্ষাবর্ষ ২০২০-২০২১) শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মাধ্যমে তাদের অর্জিত শিখনফল মূল্যায়ন করা হবে মর্মে নির্দেশনা এসেছে। উক্ত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে অ্যাসাইনমেন্ট প্রদান ও জমা নেয়ার কাজ শুরু হয়েছে। শিক্ষার্থীদেরকে সপ্তাহ ভিত্তিক অ্যাসাইনমেন্ট তৈরি করে জমা দেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো। উচ্চ মাধ্যমিক ১ম বর্ষের মূল্যায়ন পরীক্ষা ১৬/০৬/২০২১ খ্রি. তারিখ থেকে স্থগিত করা হলো।

শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট তৈরির ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

- ১। শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট তৈরির করতে এনসিটিবি প্রণীত/অনুমোদিত/প্রকাশিত নির্ধারিত শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক ব্যবহার করতে হবে।
- ২। মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে বিধায় নোট, গাইড বা অন্যের লেখা দেখে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হয়ে যাবে এবং পুনরায় সেই অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রণয়ন করে জমা দিতে হবে।
- ৩। অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ নিজের হাতে লিখতে হবে।
- ৪। অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ লেখার ক্ষেত্রে সাদা কাগজ ব্যবহার করতে হবে। অ্যাসাইনমেন্টের প্রথম পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম, শ্রেণি, রোল নং, বিষয় ও অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের শিরোনাম স্পষ্টভাবে লিখতে হবে।
- ৫। কোন শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠান থেকে দূরে অবস্থান করলে এবং তার পক্ষে তার অভিভাবক অ্যাসাইনমেন্ট গ্রহণ/জমা দিতে পারবে। ব্যক্তিগত ভাবে উপস্থিত না হতে পারলে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অ্যাসাইনমেন্ট জমা দিতে পারবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীরা নিজ নিজ গাইড শিক্ষকগণের সহযোগিতা নিতে পারবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে ওয়েব সাইট ([www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)) এবং কলেজের ওয়েব সাইট ([www.lalmatiyamohilacollege.edu.bd](http://www.lalmatiyamohilacollege.edu.bd)) ও নিজ নিজ গ্রুপের ফেইজবুক নিয়মিত ভাবে ভিজিট করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। বিজ্ঞান শাখা ০১৭১৫০৫৩০৩৫ এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা ০১৯৮৬৫০৫৬০৯ নম্বরে সকাল ৯.০০ থেকে বিকাল ৪.০০ পর্যন্ত সময়ে ফোন করা যেতে পারে। স্বাস্থ্যবিধি মেনে কলেজের নির্ধারিত কাউন্টার (বিজ্ঞান-৮ এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা-১২) থেকে শিক্ষার্থীর অ্যাসাইনমেন্ট গ্রহণ/ জমা দিতে পারবে।

  
অধ্যক্ষ

লালমাটিয়া মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা-১২০৭